# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোন ঃ ০২২২৩৩-৮৮৯৪৯

E-mail ঃ dgmsme@krishibank.org.bd


নং-বিকেবি-প্রকা/ক্রেবি-শাখা-০৪(এসএমই)-৭(১০)/২০২৩-২০২৪/ ৪০৬ (১২৫০) তারিখঃ ১৪/০৮/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ২০২৩-২৪ অর্থবছরে সিএমএসএমই খাতে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ক্লাস্টারভিত্তিক অর্থায়ন বিশ্বব্যাপি জনপ্রিয় একটি ধারণা। বাংলাদেশের সম্ভাবনাময় ক্লাস্টারসমূহ যথাযথ পৃষ্ঠপোষকতা পেলে তা দেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় উল্লেখযোগ্য অবদান রাখবে মর্মে আশা করা যায়। সিএমএসএমই খাতে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের গুরুত্ব বিবেচনায় প্রতিবছরের ন্যায় ২০২৩-২০২৪ অর্থবছরে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক নিম্নোক্তভাবে বন্টন করে দেয়া হলো। উল্লেখ্য, বিবেচ্য লক্ষ্যমাত্রা ২০২৩-২০২৪ অর্থবছরে প্রদত্ত সিএমএসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার অন্তর্ভুক্ত থাকবে।

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগের নাম | লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | ঢাকা | ২২.০০ | বিভাগীয় কার্যালয়সমূহ বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০৫, তারিখঃ ১৪/০৮/২০২২ ও অত্র ব্যাংকের পত্র নং-৬০২(১২০০), তারিখ-০৪/০৯/২০২২ মোতাবেক সম্ভাব্যতার আলোকে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহে বন্টন করবেন এবং তার একটি কপি অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন। একইভাবে বিভাগ থেকে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ বাস্তবতার নিরিখে অঞ্চলাধীন শাখা সমূহের মধ্যে বন্টন করে উহার একটি কপি বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন। |
| ০২. | ময়মনসিংহ | ১২.০০ | |
| ০৩. | চট্টগ্রাম | ১৪.০০ | |
| ০৪. | খুলনা | ৮.০০ | |
| ০৫. | বরিশাল | ৪.০০ | |
| ০৬. | সিলেট | ৫.০০ | |
| ০৭. | কুমিল্লা | ১৫.০০ | |
| ০৮. | ফরিদপুর | ৬.০০ | |
| ০৯. | কুষ্টিয়া | ১০.০০ | |
| ১০. | এলপিও | ৪.০০ | |
| | মোট = | ১০০.০০ | |

০৩। এমতাবস্থায়, সিএমএসএমই খাতে ক্লাস্টার ভিত্তিক অর্থায়ন সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০৫, তারিখঃ ১৪/০৮/২০২২ ও অত্র ব্যাংকের পত্র নং-৬০২(১২০০), তারিখ-০৪/০৯/২০২২ এবং অত্র ব্যাংকের পত্র নং-৮৭০(১২০০), তারিখ-২৮/০৯/২০২২ মূলে সিএমএসএমই খাতে ক্লাস্টার ভিত্তিক অর্থায়নের লক্ষ্যে প্রণয়নকৃত কর্মপরিকল্পনা অনুসরণপূর্বক ২০২৩-২৪ অর্থ-বছরে ক্লাস্টারভিত্তিক সিএমএসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপক এবং অঞ্চল প্রধানগণ উল্লেখিত ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

-অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

বিষয় ঃ ২০২৩-২৪ অর্থবছরে সিএমএসএমই খাতে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৫)/২০২৩-২০২৪/ ৪০৬ (২২৫০) তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

২৪/০৮/২০২৩

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক